পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং- পাবিপ্রবি/সংস্থাপন/২৮২/ ১১২৮ তারিখ ঃ ২৪ সেপ্টেম্বর ২০২৪ ইং

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের জন্য **স্থায়ী** ভিত্তিতে জনবল নিয়োগের নিমিত্ত নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

অনুষদ	বিভাগের নাম, পদের নাম, বেতনস্কেল ও গ্রেড	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
বিজ্ঞান	(১) **ফার্মেসি বিভাগ** সহযোগী অধ্যাপক (ফার্মেসি/ রসায়ন) (৫০০০০-৭১২০০) (গ্রেড-৪)	০১টি	১. ফার্মেসি বিভাগ হতে বি.ফার্ম এবং এম.ফার্ম ডিগ্রি থাকতে হবে অথবা রসায়ন বিভাগ হতে ০৪(চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। ২. (ক) প্রার্থীদের উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ অথবা সনাতন পদ্ধতিতে প্রথম শ্রেণি থাকতে হবে। (খ) এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে ন্যূনতম জিপিএ ৩.৫০ অথবা সনাতন পদ্ধতিতে ১ম বিভাগ থাকতে হবে। ৩. এম.ফার্ম/ স্নাতকোত্তর প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহকারী অধ্যাপক হিসেবে ন্যূনতম ০৭(সাত) বছরসহ ন্যূনতম ১২(বারো) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। ৪. এমফিল/ সমমানের ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহকারী অধ্যাপক হিসেবে ন্যূনতম ০৬(ছয়) বছরসহ ন্যূনতম ০৯(নয়) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। ৫. পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে সহকারী অধ্যাপক হিসেবে ন্যূনতম ০৪(চার) বছরসহ ন্যূনতম ০৭(সাত) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। ৬. সকল ক্ষেত্রে প্রার্থীদের স্বীকৃত কোন জার্নালে (পিয়ার রিভিউড) সর্বমোট ০৬(ছয়)টি প্রকাশনা থাকতে হবে। তন্মধ্যে, সহকারী অধ্যাপক হিসেবে ন্যূনতম ০৩(তিন)টি প্রকাশনা থাকতে হবে এবং First Author/ Corresponding Author হিসেবে ন্যূনতম ০২(দুই)টি প্রকাশনা থাকতে হবে। মোট প্রকাশনার ন্যূনতম ০১(এক)টি প্রকাশনা ইমপ্যাক্ট ফ্যাক্টর/ Indexed জার্নালে প্রকাশিত হতে হবে। ★ অত্র বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষকগণের শিক্ষাগত যোগ্যতা প্রযোজ্য ক্ষেত্রে শিথিল করা হবে (এসএসসি হতে স্নাতকোত্তর ডিগ্রি পর্যন্ত)
মানবিক ও সামাজিক বিজ্ঞান	(২) **লোক প্রশাসন বিভাগ** প্রভাষক (২২০০০-৫৩০৬০) (গ্রেড-৯)	০১টি	১. লোক প্রশাসন বিভাগ হতে ০৪(চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। ২. লোক প্রশাসন বিভাগের জন্য স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ অথবা সনাতন পদ্ধতিতে প্রথম শ্রেণি থাকতে হবে। সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় প্রথম শ্রেণি থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই ডিগ্রিপ্রাপ্ত হতে হবে অর্থাৎ পরীক্ষার ফলপ্রকাশ অপেক্ষমান থাকাকালে আবেদন গ্রহণযোগ্য হবে না।' ৩. এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে ন্যূনতম জিপিএ ৪.০০ অথবা সনাতন পদ্ধতিতে ১ম বিভাগ থাকতে হবে।

শর্তাবলীঃ

১) **আবেদনপত্র দাখিলের শেষ তারিখ ২০ অক্টোবর ২০২৪ ইং।** সকল আবেদনপত্র রেজিস্ট্রার, পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, রাজাপুর, পাবনা বরাবরে উক্ত তারিখের (**২০ অক্টোবর ২০২৪ ইং**) মধ্যে (সরকারি ছুটির দিন ব্যতীত) অফিস চলাকালীন সময়ে (৯:০০টা থেকে ৪:০০টা) কেবলমাত্র ডাকযোগে পৌছাতে হবে।

২) আবেদনের জন্য বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ওয়েবসাইট (**www.pust.ac.bd**)-এ প্রদত্ত ফরমেটে আবেদন করতে হবে। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত ডকুমেন্টগুলো অবশ্যই সংযুক্ত করতে হবে এবং প্রার্থীকে আবেদনপত্রে স্বাক্ষর করতে হবে ঃ
(ক) সদ্যতোলা পাসপোর্ট আকারের ০৩ কপি রঙিন ছবি **(খ)** শিক্ষাগত যোগ্যতা সংশ্লিষ্ট সকল সনদের সত্যায়িত অনুলিপি **(গ)** জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধনের সত্যায়িত অনুলিপি **(ঘ)** অভিজ্ঞতা (বেতনক্রমসহ) সংশ্লিষ্ট সকল সনদের সত্যায়িত অনুলিপি (যদি থাকে বা প্রযোজ্য ক্ষেত্রে) **(ঙ)** প্রকাশনা ও প্রশিক্ষণ সংশ্লিষ্ট সকল সনদের সত্যায়িত অনুলিপি (যদি থাকে বা প্রযোজ্য ক্ষেত্রে) **(চ)** ব্যাংক ড্রাফট/পে-অর্ডার।

৩) **(ক)** সকল পদের প্রার্থীদের জন্য ০৮ (আট) সেট আবেদনপত্র জমা দিতে হবে।
(খ) মূল আবেদনপত্রের সাথে নিজ ঠিকানা সম্বলিত ১০/-(দশ) টাকার ডাকটিকিটসহ ফেরত খাম সংযুক্ত করতে হবে।

৪) স্বীকৃত জার্নাল বলতে ISSN নম্বর সম্বলিত **Peer Reviewed** গবেষণা জার্নাল অথবা ISBN নম্বর সম্বলিত গবেষনা পুস্তক/ জার্নাল বুঝাবে।

৫) বিভাগীয় প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।

৬) চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৭) ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ এবং বিলম্ব প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৮) প্রত্যেক প্রার্থীর তাঁর প্রার্থিত পদের নাম খামের উপর স্পষ্ট করে লিখতে হবে।

৯) প্রাপ্ত দরখাস্তসমূহ প্রাথমিক বাছাইয়ের পর কেবলমাত্র যোগ্য প্রার্থীদেরকে লিখিত পরীক্ষা/মৌখিক পরীক্ষা এ ডাকা হবে। এর জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১০) **পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়**-এর অনুকূলে জনতা ব্যাংক লিমিটেড-এর যে কোন শাখা হতে সকল পদের প্রার্থীদের ৬০০/- টাকার (অফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আবেদনপত্রের সঙ্গে সংযুক্ত করতে হবে। আবেদনপত্রে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নং, টাকার পরিমাণ ও তারিখ উল্লেখ করতে হবে।

১১) কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এই নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল কিংবা সংশোধন করার অধিকার সংরক্ষণ করেন।

অধিকতর যোগ্যতা সম্পন্ন/ বিভাগীয় প্রার্থী/ পাবলিক বিশ্ববিদ্যালয়ে এতদসংশ্লিষ্ট অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে এবং বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক পদের অনুমোদন সাপেক্ষে কর্তৃপক্ষ বিজ্ঞাপিত পদের সংখ্যা হ্রাস বা বৃদ্ধি করার ক্ষমতা সংরক্ষণ করেন।

২৪/০৯/২০২৪

রেজিস্ট্রার
পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
পাবনা।